

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৮৫

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে কারণে উরানী গোত্রের লোকদের উটের পেশাব পান করার অনুমতি দেওয়া হয়েছিল

ذِكْرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا أُبِيحَ لِلْعُرَنِيِّينَ فِي شُرْبِ أَبْوَالِ الْإِبِلِ

## আরবী

1385 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ أَحْمَدَ بْنِ بِسْطَامٍ بِالْأَبْلَةِ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُحَمَّدٍ التَّيْمِيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسٍ: أَنَّ وَفْدَ عُرَيْنَةَ قَدِمُوا عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم فَاجْتَوَوَا الْمَدِينَةَ فَبَعَثَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم فَاجْتَوَوَا الْمَدِينَةَ فَبَعَثَهُمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي آثَارِهِمْ فَجِيءَ بِهِمْ وَاسْتَاقُوا الذَّوْدَ وارتَدُوا فَبَعَثَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي آثَارِهِمْ فَجِيءَ بِهِمْ وَاسْتَاقُوا الذَّوْدَ وارتَدُوا فَبَعَثَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي آثَارِهِمْ فَجِيءَ بِهِمْ وَاسْتَاقُوا الذَّوْدَ وارتَدُوا فَبَعَثَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي آثَارِهِمْ فَجِيءَ بِهِمْ فَقَطَعَ أَيْدِيَهُمْ وَأَرْجُلُهُمْ وَسَمَلَ أَعْيُنَهُمْ وَتَرَكَهُمْ فِي الرَّمْضَاءِ.

الراوي: أُنَس بْن مَالِكٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر:

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1385 ا خلاصة حكم المحدث: صحيح ـ

## বাংলা

১৩৮৫. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "উরাইনা গোত্রের কিছু ব্যক্তি প্রতিনিধি হিসেবে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আসেন, অতঃপর মদীনার আবহাওয়া তাদের প্রতিকূল হয়, ফলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে দুপ্ধবতী উটের কাছে পাঠান, তিনি তাদেরকে বলেন, "তোমরা উটের দুধ ও পেশাব পান করবে।" তারপর তারা তা পান করে সুস্কু ও মোটা-তাজা হয়ে যায়। অতঃপর তারা উটের রাখালদের হত্যা করে উটগুলো হাকিয়ে নিয়ে যায় এবং তারা মুরতাদ হয়ে যায়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের পিছে লোক পাঠান। তারপর তাদেরকে ধরে আনা হয়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের হাত-পা কেটে দেন এবং তাদের চোখ উপড়ে দেন এবং তাদেরকে উত্তপ্ত মরুভূমিতে রেখে দেওয়া হয়।"[1]



## ফুটনোট

[1] নাসাঈ: ১/১৬০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৭/৭৫; মুসনাদ আহমাদ: ৩/১৮৬; সহীহ আল বুখারী: ৪১৯৩; সহীহ মুসলিম: ১৬৭১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৭১৩২; আবূ দাউদ: ৪৩৬৪; শারহু মা'আনিল আসার: ৩/১৮০; ইবনু মাজাহ: ২৫৭৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৫৬৯; তিরমিযী: ৭২; দারাকুতনী: ৩/১৮০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১৭৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন